সমকাল

তারিখ 21 DEC 2016
পৃষ্ঠা ৪ কলাম ৩

# অষ্টম শ্রেণি পর্যন্ত প্রাথমিক শিক্ষা দ্রুত বাস্তবায়নের সুপারিশ

■ সমকাল প্রতিবেদক

জাতীয় শিক্ষা নীতি অনুযায়ী অষ্টম শ্রেণি পর্যন্ত প্রাথমিক শিক্ষায় অন্তর্ভুক্তির বিষয়টি দ্রুত বাস্তবায়নের সুপারিশ করেছে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি। কমিটির সভাপতি মো. মোতাহার হোসেনের সভাপতিত্বে জাতীয় সংসদ ভবনে গতকাল মঙ্গলবার অনুষ্ঠিত সভায় এই সুপারিশ করা হয়। কমিটির সদস্য ও মন্ত্রী মোস্তাফিজুর রহমান, আ খ ম জাহাঙ্গীর হোসাইন, মো. আবদুর রহমান, আলী আজম এবং উম্মে রাজিয়া কাজল বৈঠকে অংশগ্রহণ করেন।

স্বতন্ত্র প্রাথমিক ও গণশিক্ষা বোর্ড গঠনের সুপারিশ ছাড়াও এনসিটিবির ছাপাখানার অনুরূপ প্রাথমিক কারিকুলাম অনুযায়ী স্বতন্ত্র ছাপাখানা স্থাপনেরও উদ্যোগ নেওয়ার সুপারিশ করে কমিটি। বৈঠকে প্রশিক্ষণ ও গবেষণা কার্যক্রম পরিচালনার মাধ্যমে শিক্ষকদের সর্বোচ্চ পেশাগতমান ও যোগ্যতা নিশ্চিত করে মানসম্মত প্রাথমিক শিক্ষা বাস্তবায়নের সুপারিশ করা হয়। বৈঠকে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সচিব মোহাম্মদ আসিফ উজ জামানসহ মন্ত্রণালয়ের অন্য কর্মকর্তারা উপস্থিত ছিলেন।